

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২) এম আই এস বিভাগের মতামত সম্বলিত নোটশীট।
- ৩) KS Network Ltd হতে প্রাপ্ত Proposal Letter।
- ৪) প্রাক্কলন।

বিষয়: Purchase of Internet Bandwidth with Real IP for Month of March/2026 to June/2026 at MODS Zone-03 Office, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র মডস জোন-৩ এর বিভিন্ন দাপ্তরিক কাজ যেমন- পানি ও পয়ঃ সংযোগের অনুমোদন, ব্যক্তিগত গভীর নলকূপ স্থাপনের অনুমোদন, বিভাগীয় মালামাল ইস্যুকরণ, ডি-নথির মাধ্যমে নথি উপস্থাপন, ই-জিপি এর মাধ্যমে দরপত্র আহবান ও প্রক্রিয়া করণ, ঠিকাদারি বিলসহ অন্যান্য বিল প্রদান ইত্যাদি বিভিন্ন কার্যক্রম বিভিন্ন অনলাইন সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে। এজন্য নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ অপরিহার্য। ইতোপূর্বে DWSNIP হতে অত্র অফিসে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছিলো, যা বিভিন্ন জটিলতায় বন্ধ হয়ে যায়। পরবর্তিতে এম. আই. এস. বিভাগ এর সাথে মৌখিকভাবে পরামর্শক্রমে অত্র জোনের ব্যবস্থাপনায় KS Network Ltd হতে ইন্টারনেট সংযোগ গ্রহণ করা হয়েছে। পরবর্তিতে অত্র অফিসের ইন্টারনেট সংযোগ এর ব্যাপারে এম আই এস বিভাগ এর মতামতের জন্য নথি প্রেরণ করা হয়। এম আই এস বিভাগ হতে জানানো হয় অত্র অফিসে ইন্টারনেট সংযোগ প্রদানের জন্য টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। নতুন সংযোগ চালু না হওয়া পর্যন্ত বর্তমান সংযোগ চালু রাখার জন্য এম আই এস বিভাগ কর্তৃক মতামত প্রদান করা হয়েছে (ক্রমিক নং-২ দ্র:)।

২) উপরিউক্ত বর্ণনা মোতাবেক ইন্টারনেট সেবা দানকারী প্রতিষ্ঠান KS Network Ltd এর Proposal Letter এর দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳৪৮,০০০.০০ (আটচল্লিশ হাজার) টাকা মাত্র (ক্রমিক নং-৩ ও ৪ দ্র:)। কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১)(ড) অনুযায়ী ইন্টারনেট সেবা দানকারী প্রতিষ্ঠান “KS Network Ltd” এর সহিত সরাসরি চুক্তি পদ্ধতিতে (DPM) এ সম্পাদন করা যেতে পারে। আলোচ্য কাজটির ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ-বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনার “ইন্টারনেট সংযোগ ফি (কোড নং-০১-০২-০১৪)” খাত থেকে বরাদ্দ ক্রমিক নং- B.12.2(1) হতে নির্বাহ করা যেতে পারে। ঢাকা ওয়াসার অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য কাজটি অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।


১০.১.০


৩) এমতাবস্থায়, পূর্বপৃষ্ঠার বর্ণনার আলোকে Purchase of Internet Bandwidth with Real IP for Month of March/2026 to June/2026 at MODS Zone-03 Office, Dhaka WASA. শীর্ষক সম্পাদিত কাজটির জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

- ক) উল্লিখিত সম্পাদিত কাজটির জন্য ৳৪৮,০০০.০০ (আটচল্লিশ হাজার) টাকা মাত্রের প্রাক্কলনটির অনুমোদন;
- খ) পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১)(ডে) অনুযায়ী “KS Network Ltd” এর সহিত সরাসরি চুক্তি পদ্ধতি (DPM) এ সম্পাদনের অনুমোদন এবং
- গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ-বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনার “ইন্টারনেট সংযোগ ফি (কোড নং-০১-০২-০১৪)” খাত থেকে বরাদ্দ ক্রমিক নং- B.12.2(1) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক পোস্ট-ফেক্টো অনুমোদনের জন্য সদয় উপস্থাপন করা হ’ল।



মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা।


মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।


মোহাম্মদ নূরুজ্জামান
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।


SE, MODS ZR-1.





মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।




আলমগীর হাছিন আহমেদ


আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।



আমোদন ইন, ৩ নং জুজুয়ে প্রদত্ত প্রস্তাব
অনুমোদন করা ইন

* SE MODS-1


30.06.2026
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।